গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন**
১ম ১২ তলা সরকারি অফিস ভবন
সেগুনবাগিচা, ঢাকা
www.btc.gov.bd

নং-২৬.০১.০০০০.০১২.০৬.০০২.২২-৬৯৬

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৯ / ০৮ আগস্ট ২০২২

**বিষয়: কমিশনের জুন ২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের জুন ২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে নির্দেশক্রমে প্রেরণ করা হল।

সংযুক্তি: ০৮ (আট) পৃষ্ঠা।

08/08/2022

(মোহাম্মদ হুমায়ুন কবীর)
সহকারী সচিব (প্রশাসন)

**বিতরণ:**

০১। সদস্য (বানী/আস/বাপ্র), বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, ঢাকা।
০২। কর্মকর্তা (অন্যান্য সকল), বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, ঢাকা।
০৩। চেয়ারম্যানের একান্ত সচিব, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। পি এ টু কমিশন সচিব, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, ঢাকা (কমিশন সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

**বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন**
সেগুনবাগিচা, ঢাকা।
প্রশাসন শাখা

**বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের জুন ২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মাহফুজা আখতার
চেয়ারম্যান, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন

সভার তারিখ ও সময় : ২৭ জুলাই ২০২২ ও বেলা: ১১.০০ ঘটিকা

সভার স্থান : কমিশন এর সভাকক্ষ

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। বিগত ২৯ মে ২০২২ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর ওপর সকলের মতামত আহ্বানের পর কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতভাবে দৃঢ় করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী পরবর্তী কার্যক্রম পরিচালনার জন্য কমিশনের সচিবকে অনুরোধ জানানো হয়। কমিশনের সচিব বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি উপস্থাপন করেন। সভার আলোচ্যসূচি অনুসারে নিম্নবর্ণিত বিষয়সমূহের ওপর বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

**প্রশাসন উইং**

| ক্রম. | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১. | বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের পেনশন সুবিধা প্রবর্তন। | বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য পেনশন সুবিধা প্রবর্তনের বিষয়ে ২৯ জুন ২০২২ তারিখে অর্থ বিভাগ সম্মতি জ্ঞাপন করেছে। উক্ত সম্মতিপত্র ০৭ জুলাই ২০২২ তারিখে বাণিজ্য মন্ত্রণালয়ের পত্রের মাধ্যমে কমিশনে পাওয়া গেছে। অর্থ বিভাগের শর্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে বিস্তারিত আলোচনা হয় এবং কমিশনের সদস্য জনাব শীষ হায়দার চৌধুরী, এনডিসি কে আহ্বায়ক করে একটি গঠন করা যায়। | কমিশনের পেনশন স্কীম বাস্তবায়নের জন্য দ্রুত কমিটি গঠনপূর্বক প্রতিবেদন সংগ্রহ করতে হবে। | সদস্য (আস)<br>ও<br>কমিশন সচিব |
| ০২. | কমিশনের জনবল বৃদ্ধিসহ দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সাংগঠনিক কাঠামো, চাকরি বিধিমালা, ১৯৯৩ সংশোধন ও কমিশনের আইন সংশোধন। | কমিশনের জনবল বৃদ্ধিসহ দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সাংগঠনিক কাঠামো, চাকরি বিধিমালা, ১৯৯৩ সংশোধন ও কমিশনের আইন সংশোধনের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। এ বিষয়ে কমিটির আহ্বায়ক সভাকে অবহিত করেন যে, এ সংক্রান্ত প্রতিবেদন প্রণয়নের কাজ শেষ পর্যায়ে রয়েছে। আগামী মাসের মাসিক সমন্বয় সভার পূর্বে কমিটির প্রতিবেদন দাখিল করা হবে। | আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে কমিটির প্রতিবেদন সংগ্রহ করে কার্যক্রম গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট<br>কমিটি |
| ০৩. | শাখা পরিদর্শন | কমিশনে জুন ২০২২ মাসে শাখা পরিদর্শন সংক্রান্ত কোন প্রতিবেদন পাওয়া যায়নি। প্রতিবেদনের সুপারিশসমূহ পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে। | শাখা পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট<br>কর্মকর্তা<br>ও<br>প্রশাসন শাখা |
| ০৪. | কমিশনের ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন। | ২০২২-২০২৩ অর্থ বছরে কমিশনের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করার নিমিত্ত ০৩ বিভাগ থেকে প্রয়োজনীয় তথ্যাদি কমিটির সদস্য সচিবের নিকট প্রেরণ করার জন্য চেয়ারম্যান মহোদয় নির্দেশনা প্রদান করেন। | ২০২২-২০২৩ অর্থ বছরে কমিশনের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করার নিমিত্ত ০৩ বিভাগ থেকে প্রয়োজনীয় তথ্যাদি কমিটির নিকট প্রেরণ করতে হবে। প্রতিবেদন প্রণয়নের কার্যক্রম ডিসেম্বর মাসের মধ্যেই শেষ করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি<br>ও<br>পিআর এন্ড পিও |

| ক্রম. | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৫. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন। | ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়নের নিমিত্ত আগস্ট ২০২২ মাসে কর্মপঞ্জিকা প্রণয়ন করে সকল কর্মকর্তাকে বিতরণ করা হয়েছে। আগস্ট ২০২২ মাসের কর্মপঞ্জিকা অনুযায়ী প্রশিক্ষণ, সেমিনার, সমীক্ষা প্রতিবেদন, সভা, কর্মপরিকল্পনা, ক্রয় পরিকল্পপনা বাস্তবায়নের কার্যক্রম সম্পন্ন করা হবে। | ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়নের নিমিত্ত আগস্ট ২০২২ মাসের কর্মপঞ্জি অনুসারে প্রশিক্ষণ, সেমিনার, সমীক্ষা প্রতিবেদন, সভা, কর্মপরিকল্পনা, ক্রয় পরিকল্পপনা বাস্তবায়ন করতে হবে। | APA বাস্তবায়ন কমিটি ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ |
| ০৬. | জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) প্রণয়ন ও বাস্তবায়ন | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য আগস্ট ২০২২ মাসে প্রশিক্ষণের আয়োজন করা হবে। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য আগস্ট ২০২২ মাসে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | NIS বাস্তবায়ন কমিটি |
| ০৭. | কমিশনের বিরুদ্ধে চলমান মামলা সংক্রান্ত | কমিশনের বিরুদ্ধে ০১টি আপিল ও ০১টি রীট মামলা চলমান রয়েছে। কমিশন ১টি মামলা হেরে যাওয়ায় প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে আপিল করেছে। মামলাগুলো প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে শুনানী হলে নিষ্পত্তি হবে। রীট মামলার জবাব দেয়া হলে মামলাটি শুনানীর মাধ্যমে নিষ্পত্তি হবে। নির্ধারিত ছকে মামলার তালিকা প্রণয়ন ও নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। | মামলাগুলো নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। কমিশনের বিরুদ্ধে চলমান মামলাগুলো বিজ্ঞ আদালতে গিয়ে তদারকি এবং মামলার শুনানীর দিন উপস্থিত থাকার জন্য একজন কর্মকর্তাকে ফোকাল পয়েন্ট হিসাবে দায়িত্ব প্রদান করতে হবে। | সদস্য বাণিজ্য নীতি বিভাগ |
| ০৮. | ওয়েবসাইট এর তথ্যাদি নিয়মিত হালনাগাদকরণ | কমিশনের ওয়েবসাইট এর তথ্যাদি নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে। | প্রত্যেক কর্মকর্তা কমিশনের ওয়েবসাইট পরিদর্শন করবেন। | ওয়েবসাইট রিভিউ কমিটি |
| ০৯. | (ক) দাপ্তরিক ই-মেইলের ব্যবহার | কমিশনের সকল কর্মকর্তাকে দাপ্তরিক কাজে অফিসিয়াল ই-মেইল ব্যবহার করছেন। | কমিশনের সকল কর্মকর্তাকে অফিসিয়াল ই-মেইল আইডি ব্যবহার করতে হবে। | সকল কর্মকর্তা |
| | (খ) ই-ফাইলিং এর ব্যবহার | কমিশনের আন্তর্জাতিক ও বাণিজ্য প্রতিবিধান বিভাগ এর কার্যক্রম প্রায় শতভাগ ই-নথিতে নিষ্পত্তি করা হচ্ছে। বাণিজ্য নীতি বিভাগ ও প্রশাসন উইং এর দাপ্তরিক কার্যক্রম ই-নথি ও হার্ডফাইলের মাধ্যমে নিষ্পত্তি করা হচ্ছে। | ই-ফাইলিং এর শতভাগ ব্যবহার নিশ্চিতসহ ফ্রন্ট ডেস্ক হতে ই-ফাইলিং এর মাধ্যমে ডাক আপলোড করতে হবে। | সকল কর্মকর্তা ও সংশ্লিষ্ট কর্মচারী |
| ১০. | ই-টেন্ডারিং | ২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুযায়ী ই-টেন্ডারিং এর মাধ্যমে ৫০% কার্যক্রম সম্পাদনের বাধ্যবাধকতা রয়েছে। সে অনুযায়ী ক্রয় পরিকল্পনা প্রণয়নের কার্যক্রম অব্যাহত আছে। | জুলাই ২০২২ মাসে বাষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন করে কমিশনের ওয়েবসাইটে দিতে হবে। | কমিশন সচিব |
| ১১. | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) | প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে বাণিজ্য মন্ত্রণালয়ে এতদসংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করা হয় ও GRS Software একসেস দেয়া হয়েছে। কোন অভিযোগ নেই। | কোন অভিযোগ পেলে দ্রুততম সময়ে নিষ্পত্তি করতে হবে। | GRS সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ১২. | তথ্য অধিকার বাস্তবায়ন (RTI) | RTI সংক্রান্ত প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে বাণিজ্য মন্ত্রণালয়ে নিয়মিত প্রেরণ করা হচ্ছে। | RTI সংক্রান্ত প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে বাণিজ্য মন্ত্রণালয়ে নিয়মিত প্রেরণ অব্যাহত রাখতে হবে। | তথ্য প্রদান কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তা |
| ১৩. | অডিট আপত্তি | কমিশনে ২০১৮-২০২১ অর্থ বছর পর্যন্ত নিরীক্ষা পরিদর্শন প্রতিবেদন ২৯-০৬-২০২২ তারিখে পাওয়া যায়। AIR এ দেখা যায় ০৬ টি অনুচ্ছেদ কে Non SFI হিসেবে চিহ্নিত করেছে। ব্রডশীট জবাব প্রেরণের বিষয়টি প্রক্রিয়াধীন। | অডিট আপত্তির ব্রড শীটের জবাব দ্রুত প্রেরণ করতে হবে। | হিসাব রক্ষণ কর্মকর্তা |

**ফাংশনাল বিভাগের কার্যক্রম:**

| বিভাগের নাম | বিগত মাসে নিষ্পত্তির হার | বিগত মাসের জের | এ মাসে প্রাপ্তি | মোট | বর্তমানে নিষ্পত্তি | অবশিষ্ট |
|---|---|---|---|---|---|---|
| আন্তর্জাতিক সহযোগিতা বিভাগ | ০১ | ১০ | ০৫ | ১৫ | ০১ | ১৪ |
| বাণিজ্য প্রতিবিধান বিভাগ | ০৫ | ০৫ | ০৩ | ০৮ | ০১ | ০৭ |
| বাণিজ্য নীতি বিভাগ | ০৩ | ০৫ | ০২ | ০৭ | **০০** | **০৭** |

**আন্তর্জাতিক সহযোগিতা বিভাগ:**

| ক্রম. | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১. | ভারতে বাংলাদেশের পণ্যে Port Restriction এর সম্মুখীন হওয়া সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন। | বাণিজ্য মন্ত্রণালয়ের এফটিএ উইং এর অতিরিক্ত সচিব মহোদয়ের সাথে আলোচনাক্রমে একটি অর্ন্তবর্তীকালীন প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। চূড়ান্ত প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে বিভিন্ন স্থলবন্দর ও কাষ্টমস ষ্টেশন পরিদর্শন করে তথ্য-উপাত্ত সংগ্রহ করার জন্য কমিশন কর্তৃক ৪ টি টিম গঠন করে গত ২৬ এপ্রিল ২০২২ তারিখে একটি অফিস আদেশ জারি করা হলেও বর্ণিত সময়ে কোন টিমের পক্ষেই স্থলবন্দর ও শুল্ক স্টেশন পরিদর্শন করা সম্ভব হয়নি। পরবর্তীতে টিম পুনর্গঠন করে পুনরায় গত ৭ জুলাই ২০২২ একটি অফিস আদেশ জারি করা হয়। যেহেতু বাংলাদেশ-ভারত জয়েন্ট ওয়ার্কিং গ্রুপের সভা ২-৩ মার্চ, ২০২২ সময়ে অনুষ্ঠিত হয়েছে এবং সেখানে Port restriction এর বিষয়টি ইতোমধ্যে উত্থাপিত হয়েছে, সেহেতু এ মুহূর্তে কাজটির গুরুত্ব বিবেচনায় আপাতত কার্যক্রমটি স্থগিত রাখার বিষয়ে যৌক্তিকতাসহ নথিতে উপস্থাপন করা হবে। | বিষয়টি দ্রুত নিষ্পত্তি করতে হবে। | সদস্য আন্তর্জাতিক সহযোগিতা বিভাগ |
| ০২. | থেগা নদীর উপর সেতু নির্মাণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে প্রতিবেদন প্রণয়ন। | থেগা নদীর উপর সেতু নির্মাণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে খসড়া প্রতিবেদন প্রণয়ন করে উপস্থাপন করা হয়েছে। | বিষয়টি দ্রুত নিষ্পত্তি করতে হবে। | সদস্য আন্তর্জাতিক সহযোগিতা বিভাগ |
| ০৩. | রামগড় উপজেলায় নির্মিতব্য স্থল বন্দর/ল্যান্ড কাস্টমস স্টেশন এবং ফেনী নদীর উপর নির্মিত 'মৈত্রী সেতু' এর মাধ্যমে বাংলাদেশ-ভারতের মধ্যে কানেক্টিভিটি সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন। | এ বিষয়ে প্রতিবেদন প্রণয়নকল্পে একটি কমিটি গঠন করা হয়েছে। বিভিন্ন প্রতিষ্ঠান/দপ্তর/অংশীজনদের নিকট হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রতিবেদন প্রণয়নের কার্যক্রম শুরু করা হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সদস্য আন্তর্জাতিক সহযোগিতা বিভাগ |
| ০৪. | বাংলাদেশের National Tariff Policy প্রণয়ন। | National Tariff Policy-এর কনসেপ্ট নোটের Annex-এ উল্লিখিত সমীক্ষা প্রতিবেদন সম্পন্নের লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তরসমূহে পত্র প্রেরণ করা হয়েছে। একইসাথে গৃহীত কার্যক্রম সম্পর্কে অবহিত করে বাণিজ্য মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সদস্য আন্তর্জাতিক সহযোগিতা বিভাগ |

| ক্রম. | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৫. | ডেইরি ফার্ম এসোসিয়েশনের আবেদন-এর উপর মতামত। বিষয়টি ০৩ মার্চ ২০২২ তারিখে বাণিজ্য মন্ত্রণালয় হতে প্রাপ্ত। | এসোসিয়েশনের নিকট তথ্য চাওয়ায় গত ২৪ জুলাই ২০২২ তারিখে কিছু নতুন তথ্য প্রেরণ করেছে। সংগৃহীত তথ্য অনুযায়ী খসড়া মতামত প্রস্তুতের কাজ চলছে। | কাজটি দ্রুত শেষ করতে হবে। | সদস্য আন্তর্জাতিক সহযোগিতা বিভাগ |
| ০৬. | UK-India FTA-এর ফলে বাংলাদেশের বাণিজ্যে প্রভাব বিশ্লেষণ। | Indicator analysis এবং Partial Equilibrium Model-এর আওতায় Simulation সম্পন্ন করা হয়েছে এবং সে অনুযায়ী খসড়া প্রতিবেদন প্রণয়নের কাজ চলছে। | বিষয়টি জুলাই মাসের মধ্যে নিষ্পন্ন করতে হবে। | সদস্য আন্তর্জাতিক সহযোগিতা বিভাগ |
| ০৭. | বাংলাদেশ ও অস্ট্রেলিয়ার মধ্যে দ্বি-পাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগের সম্ভাবনা এবং অর্থনৈতিক সম্পর্কের ক্ষেত্রে গতিশীলতা আনয়নের লক্ষ্যে সমীক্ষা প্রতিবেদন প্রণয়ন। | বাংলাদেশ ও অস্ট্রেলিয়ার মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ সংক্রান্ত তথ্য এবং দ্বিপাক্ষিক আলোচনাযোগ্য বিষয় অন্তর্ভুক্ত করে একটি খসড়া প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। আগস্ট মাসের ১ম সপ্তাহে উপস্থাপন করা যাবে। | বিষয়টি দ্রুত নিষ্পন্ন করতে হবে। | সদস্য আন্তর্জাতিক সহযোগিতা বিভাগ |
| ০৮. | Bangladesh-Eswatini এর মধ্যে বাণিজ্য সংক্রান্ত ইনপুটস প্রদান। | Bangladesh-Eswatini এর মধ্যে বাণিজ্য সংক্রান্ত ইনপুটস প্রদানের বিষয়ে মতামত ২৯ জুন ২০২২ তারিখে বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বিষয়টি নিষ্পন্ন বিধায় কার্যতালিকা থেকে বাদ দেয়া যায়। | বিষয়টি নিষ্পন্ন বিধায় কার্যতালিকা থেকে বাদ দিতে হবে। | সদস্য আন্তর্জাতিক সহযোগিতা বিভাগ |
| ০৯. | খসড়া ড্রাফট "SAARC REGIONAL INVESTMENT TREATY" এর উপর মতামত প্রেরণ। বিষয়টি ১৬ জুন ২০২২ তারিখে শিল্প মন্ত্রণালয় হতে প্রাপ্ত। | এ বিষয়ের ওপর শিল্প মন্ত্রণালয়ের চাহিদার প্রেক্ষিতে গত ৩০ এপ্রিল ২০১৯ তারিখে কমিশন হতে মতামত প্রেরণ করা হলেও পরবর্তীতে একই বিষয়ের উপর মতামত চাওয়া হলে পুনরায় একই মতামত গত ১৪ অক্টোবর ২০১৯ তারিখে প্রেরণ করা হয়। তথাপি, একই খসড়ার ওপর আবার মতামত চাওয়া হয়েছে বিধায় এ বিষয়টি উল্লেখপূর্বক শিল্প মন্ত্রণালয়কে অবহিত করে পুনরায় পত্র প্রেরণ করার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। | বিষয়টি দ্রুত নিষ্পত্তি করতে হবে। | সদস্য আন্তর্জাতিক সহযোগিতা বিভাগ |
| ১০. | স্থল কাস্টমস স্টেশনের মাধ্যমে আমদানিযোগ্য পণ্য তালিকা হালনাগাদকরণের জন্য প্রয়োজনীয় তথ্য-উপাত্ত বা যৌক্তিক প্রস্তাব প্রেরণ। | স্থল কাস্টমস স্টেশনের মাধ্যমে আমদানিযোগ্য পণ্য তালিকা হালনাগাদকরণের জন্য প্রয়োজনীয় তথ্য-উপাত্ত বা যৌক্তিক প্রস্তাবের বিষয়ে খসড়া মতামত প্রণয়ন করা হয়েছে। | দ্রুত বিষয়টি নিষ্পত্তি করতে হবে। | সদস্য আন্তর্জাতিক সহযোগিতা বিভাগ |
| ১১. | Study on Potential of Service Sector of Bangladesh বিষয়ে Concept Note প্রণয়ন সংক্রান্ত। | বাণিজ্য মন্ত্রণালয়ের এফটিএ অনুবিভাগের জুন ২০২২-এর মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক "Study on Potential of Service Sector of Bangladesh" বিষয়ে Concept Note প্রণয়নকল্পে চার সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। তথ্য উপাত্ত সংগ্রহের কাজ শুরু করা হয়েছে। | দ্রুত বিষয়টি নিষ্পত্তি করতে হবে। | সদস্য আন্তর্জাতিক সহযোগিতা বিভাগ |
| ১২. | বাংলাদেশ-সৌদি আরব যৌথ কমিশনের ১৩তম সভায় গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য। | আগামী ৩০-৩১ অক্টোবর, ২০২২ তারিখ বাংলাদেশ-সৌদি আরব যৌথ কমিশনের ১৪ তম সভা অনুষ্ঠিত হবে। যৌথ কমিশনের ১৩ তম সভায় গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি (ইনপুটস) ও ১৪ তম সভার আলোচ্যসূচি (Agenda) প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। ১৩ তম সভায় গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়নে বিটিটিসি'র নিকট কোন কাজ পেন্ডিং নেই। ১৪ তম | বিষয়টি নিষ্পত্তি করতে হবে। | সদস্য আন্তর্জাতিক সহযোগিতা বিভাগ |

| ক্রম. | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৩. | গরু ও মহিষের শিং চায়নাতে রপ্তানী করা প্রসঙ্গে। | গরু ও মহিষের শিং চীনে আমদানি নিষিদ্ধ থাকায় বাংলাদেশ হতে চীনে এ পণ্য রপ্তানির লক্ষ্যে HUNSEN Export Corporation এর আবেদনের প্রেক্ষিতে বাণিজ্য মন্ত্রণালয় হতে বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের মতামত চাওয়া হয়। খসড়া মতামত উপস্থাপন করা হয়েছে। | বিষয়টি দ্রুত নিষ্পত্তি করতে হবে। | সদস্য আন্তর্জাতিক সহযোগিতা বিভাগ |
| ১৪. | কমিশনের ওয়েবসাইটে বাংলাদেশের বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ। | বাণিজ্য মন্ত্রণালয়ের এফটিএ অনুবিভাগের জুন ২০২২ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী যে সকল দেশের সাথে PTA Negotiation চলমান রয়েছে সে সকল দেশসহ প্রধান প্রধান আমদানি রপ্তানি সম্পর্কযুক্ত দেশসমূহের সাথে বাংলাদেশের আমদানি-রপ্তানির পরিমাণ, ব্যালেন্স, তারতম্য ইত্যাদি সংক্রান্ত তথ্য BTTC এর ওয়েবসাইটে ২০২১ সাল পর্যন্ত হালনাগাদ করতে হবে। তথ্য হালনাগাদ করার লক্ষ্যে অনুমোদিত ইনপুটস প্রণয়ন করে কমিশনের সিস্টেম এনালিস্ট বরাবর ইমেইল মারফত প্রেরণ করা হয়েছে। | যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | সদস্য আন্তর্জাতিক সহযোগিতা বিভাগ |
| ১৫. | SAFTA সংক্রান্ত জাতীয় রাজস্ব বোর্ডের বিদ্যমান এস,আর,ও সংশোধন। | এসআরও নং ১৮১-আইন/২০২০/৯৭/ কাস্টমস, তারিখ: ৩০ জুন ২০২০) অধিকতর সংশোধন করে এসআরও জারি করা হয়েছে। বিষয়টি অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য কমিশনের নিকট প্রেরণ করা হয়েছে। এসআরও টি পরীক্ষা করে দেখা যায় দেখা যায় পূর্বের এসআরও তে কিছু কিছু পণ্যের এইচএসকোড উল্লেখ থাকলেও SAFTA রেট উল্লেখ ছিল না, সেখানে SAFTA রেট বসানো হয়েছে। বিষয়টি অধিকতর পর্যালোচনা করা হচ্ছে। ৬নং বিবাদী হিসেবে কমিশনের জবাব পাঠানো হবে। | কার্যক্রম অব্যাহত আছে এবং ৬নং বিবাদী হিসেবে কমিশনের জবাব দ্রুত পাঠাতে হবে। | সদস্য আন্তর্জাতিক সহযোগিতা বিভাগ |

**বাণিজ্য প্রতিবিধান বিভাগ:**

| ক্রম. | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১. | বাংলাদেশ হতে পাটপণ্য আমদানির ওপর ভারত সরকার কর্তৃক এন্টি-ডাম্পিং শুল্কের সানসেট রিভিউ-এর নোটিফিকেশন জারি; | ভারত সরকার কর্তৃক এন্টি-ডাম্পিং শুল্কের সানসেট রিভিউ-শুরুর পর স্টেকহোল্ডারদের পত্র দেয়া হয়েছে এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। গত ০৯ ফেব্রুয়ারি ২০২২ ভারতের ডিরেক্টর জেনারেল অব ট্রেড রেমেডি (ডিজিটিআর) কর্তৃক ভার্চুয়াল শুনানি অনুষ্ঠিত হয়। গত ১২-১৭-জুন ২০২২ পর্যন্ত ডিজিটিআরের ৪ সদস্য বিশিষ্ট অনুসন্ধানকারী দল বাংলাদেশ ভ্রমণ করেন ও প্রয়োজনীয় তথ্য উপাত্ত ভেরিফিকেশন করেন। মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করে কার্যক্রম চলমান রয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সদস্য বাণিজ্য প্রতিবিধান বিভাগ |

| ক্রম. | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০২. | বাংলাদেশ হতে ভারতে ক্লিয়ার ফ্লোট গ্লাস আমদানিতে ভারত সরকার কর্তৃক এন্টি-ডাম্পিং শুল্ক আরোপের লক্ষ্যে তদন্ত আরম্ভ; | বাংলাদেশ হতে ভারতে ক্লিয়ার ফ্লোট গ্লাস আমদানিতে ভারত সরকার কর্তৃক এন্টি-ডাম্পিং শুল্ক আরোপের লক্ষ্যে তদন্ত শুরু করা হয়। গত ২২ নভেম্বর ২০২১ তারিখে ভারতের ডিজিটিআর কর্তৃক শুনানী অনুষ্ঠিত হয়। গত ২৫-২৭ মে ২০২২ তারিখ পর্যন্ত ভারতের তদন্তকারী দল বাংলাদেশ স্পট ভেরিফিকেশন করেন। ২৯ জুন ২০২২ তারিখে ডিজিটিআর কর্তৃক কেসের চূড়ান্ত প্রতিবেদন প্রকাশ করা হয়েছে। সেখানে বাংলাদেশ হতে ক্লিয়ার ফ্লোট গ্লাস আমদানিতে সর্বনিম্ন রেফারেন্স মূল্য প্রতি টনে ৩০৬.১০ মার্কিন ডলার নির্ধারণ করা হয়েছে। কমিশন হতে বিষয়টি জানিয়ে সকল স্টেকহোল্ডারদের গত ২০ জুলাই ২০২২ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে কমিশনের আর কোনো করণীয় নেই বলে কার্যতালিকা থেকে বাদ দেয়া যায়। | বিষয়টি কমিশনের আর কোনো করণীয় নেই বিধায় কার্যতালিকা থেকে বাদ দিতে হবে। | সদস্য বাণিজ্য প্রতিবিধান বিভাগ |
| ০৩. | উপজাত পণ্য (জিংক এ্যাশ/এপিসি ডাষ্ট, এইচকোড-২৬২০.১৯.০০/২৮১৭.০০. ০০) রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদান সংক্রান্ত। | উপজাত পণ্য (জিংক এ্যাশ/এপিসি ডাষ্ট, এইচকোড-২৬২০.১৯.০০/২৮১৭.০০.০০) রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদানের বিষয়ে খসড়া প্রতিবেদন উপস্থাপন করা হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে | সদস্য বাণিজ্য প্রতিবিধান বিভাগ |
| ০৪. | গরু ও মহিষ শিং ও হাঁড়ের গুড়া, নাড়ী ভুড়ি রপ্তানির বিপরীতে নগদ সহায়তার পরিমান ১০% থেকে ২০% উন্নীতকরণ। | গরু ও মহিষ শিং ও হাঁড়ের গুড়া, নাড়ী ভুড়ি রপ্তানির বিপরীতে নগদ সহায়তার পরিমান ১০% থেকে ২০% উন্নীতকরণের বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর নিকট আবেদনের পক্ষে ছকানুযায়ী তথ্য প্রদানের জন্য ০৪/০৭/২০২২ ইং তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। | প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে | সদস্য বাণিজ্য প্রতিবিধান বিভাগ |
| ০৫. | রপ্তানি উৎসাহিতকরণের জন্য কনজিউমার ইলেকট্রিক্যাল, ইলেকট্রোনিক্স এন্ড হোম এ্যাপ্লায়েন্স পণ্যের উপর প্রযোজ্য ১০% হতে ২০% নগদ সহায়তা বৃদ্ধিকরণের আবেদন। | এ বিষয়ে সংশ্লিষ্ট এসোসিয়েশন এর নিকট আবেদনের পক্ষে ছকানুযায়ী তথ্য প্রদানের জন্য ০৪/০৭/২০২২ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। | প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে | সদস্য বাণিজ্য প্রতিবিধান বিভাগ |
| ০৬. | গ্রুপ অব কোম্পানির সহযোগী প্রতিষ্ঠানের নামে পণ্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তার সুবিধা প্রদান সংক্রান্ত বিষয়টি পর্যালোচনা করে মতামত প্রদান প্রসংগে। | বাণিজ্য মন্ত্রণালয় হতে মূল টেক্সট সংগ্রহ করা হয়েছে। প্রতিবেদন প্রস্তুতের লক্ষ্যে তথ্য-উপাত্ত চেয়ে গত ২১ জুলাই ২০২২ তারিখে প্রাণ গ্রুপকে পত্র প্রেরণ করা হয়েছে। তথ্য-উপাত্ত সরবরাহের জন্য ১৫ দিনের সময় দেয়া হয়েছে। তথ্য প্রাপ্তির পর প্রতিবেদন প্রস্তুতের কাজ শুরু করা হবে। | বিষয়টি দ্রুত নিষ্পন্ন করতে হবে। | সদস্য বাণিজ্য প্রতিবিধান বিভাগ |
| ০৭. | রিট পিটিশন নং ৩২৩৩ / ২০২২ এর রুল নিশি ও আরজির প্রেরণ। | বিষয়টি নিয়ে কাজ করার জন্য সদস্য মহোদয় ২৪ জুলাই ২০২২ তারিখে উপ-প্রধান (অনুসন্ধান) (চলতি দায়িত্ব) কে দায়িত্ব প্রদান করেছেন। পিটিশনটি ষ্টাডি করা হচ্ছে। | কাজটি দ্রুত নিষ্পন্ন করতে হবে। | সদস্য বাণিজ্য প্রতিবিধান বিভাগ |

| ক্রম. | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৮. | জাতীয় পাটজাত সমন্বয় কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত। | গত ২৭ আগস্ট ২০২০ তারিখে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত মতে কাঁচাপাটের বিগত এবং বর্তমান বছরের প্রকৃত উৎপাদন রপ্তানি, অভ্যন্তরীন ব্যবহার ও বাজারদর সম্পর্কে একটি পূর্ণাঙ্গ Study Report প্রণয়নের জন্য ট্যারিফ কমিশনকে অনুরোধ করা হয়। সিদ্ধান্তের আলোকে Study Report প্রণয়ন করা হলে তা জরুরী ভিত্তিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। কিন্তু সভার সিদ্ধান্তের কপি কমিশনের চেয়ারম্যান মহোদয়ের দপ্তরের রেজিস্টার খুজে পাওয়া যায়নি বিধায় ধরে নেয়া যায় পত্রটি কমিশনে প্রাপ্তি হয়নি। যেহেতু, পত্রটি পূর্বে গৃহিত হয়নি তাই এ বিষয়ে Study Report প্রণয়ন করা সম্ভব হয়নি। বিষয়টি সংশ্লিস্ট মন্ত্রণালয়ে জানিয়ে পত্র প্রেরণের প্রস্তাব করে নথি উপস্থাপন করা হয়েছে। | কাজটি দ্রুত নিষ্পন্ন করতে হবে। | সদস্য বাণিজ্য প্রতিবিধান বিভাগ |

**বাণিজ্য নীতি বিভাগ:**

| ক্রম. | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১. | গার্মেন্টস এক্সেসরিজ ও প্যাকেজিং সেক্টরে ব্যবহৃত কাঁচামালের এবং উৎপাদিত পণ্যের এইচ.এস. কোডের সঠিকতা নিরূপন। | গার্মেন্টস এক্সেসরিজ ও প্যাকেজিং সেক্টরে ব্যবহৃত কাঁচামালের এবং উৎপাদিত পণ্যের এইচ.এস. কোডের সঠিকতা নিরূপণের বিষয়ে বিজিএপিএমএ হতে কমিশনে আবেদন করা হয়। কার্যক্রম চলমান। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সদস্য বাণিজ্য নীতি বিভাগ |
| ০২. | প্রক্রিয়াজাত কাজুবাদাম আমদানির ক্ষেত্রে প্রাক-বাজেট শুল্ক কাঠামো পুনর্বহালের প্রসঙ্গে। বিষয়টি ১৬ই জুন ২০২২ তারিখে বাংলাদেশ আয়রণ এন্ড ষ্টীল ইম্পোর্টার এসোসিয়েশন হতে প্রাপ্ত। | তথ্য উপাত্ত চাওয়া হয়েছে। তথ্য প্রাপ্তির পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | - | সদস্য বাণিজ্য নীতি বিভাগ |
| ০৩. | বৈশ্বিক প্রতিযোগিতামূলক বাজার মোকাবেলার জন্য দেশীয় উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানকে আরও স্বয়ংসম্পূর্ণ, সুদৃঢ় ও পূর্ণ বিকশিত করার জন্য জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ও.নং ১৬৪-আইন/২০২২/১৭৭-মূসক, তারিখ ০১-০৬-২০২২ ইং এর দফা (ক) এর ৬নং লাইনে ৫(পাঁচ) শতাংশের পরিবর্তে ৩(তিন) শতাংশ এবং এর কার্যকারিতা অধিকতর সংশোধনের মাধ্যমে ১লা জুলাই, ২০২২ ইং থেকে ৩০শে জুন ২০২৫ পর্যন্ত বৃদ্ধি করণ প্রসঙ্গে। | এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড শুল্ক হ্রাস সংক্রান্ত কোন ব্যবস্থা গ্রহণ করেনি। ইতোমধ্যে বাজেট চূড়ান্ত হওয়ায় কমিশনের আর কিছু করণীয় নেই। বিষয়টি জানিয়ে আবেদনকারীকে পত্র দেয়া দেয়া হবে। | বিষয়টি দ্রুত নিষ্পন্ন করতে হবে। | সদস্য বাণিজ্য নীতি বিভাগ |
| ০৪. | প্রাইম ও সেকেন্ডারী কোয়ালিটি স্টীলের সংজ্ঞা নির্ধারনের পূর্ব পর্যন্ত শুল্কায়নে অপেক্ষমান হাজার হাজার টন সেকেন্ডারি কোয়ালিটি স্টিল পূর্বের ট্যারিফের ন্যায় ছাড়করণ। | তথ্য উপাত্ত পর্যবেক্ষণের কার্যক্রম চলমান আছে। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সদস্য বাণিজ্য নীতি বিভাগ |
| ০৫. | ২০২২-২০২৩ অর্থ বছরে প্রস্তাবিত বাজেটে সর্বোচ্চ ভারি প্রযুক্তিগত শিল্প রেফ্রিজারেটর, ফ্রিজার, এয়ারকন্ডিশনার, স্ক্রু উৎপাদনে ব্যবহৃত উপকরণ ও কাঁচামাল আমদানির ক্ষেত্রে আমদানী পর্যায়ে শুল্ক কাঠামোর প্রস্তাবনা ও সুপারিশ প্রসঙ্গে। | ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট চূড়ান্ত হয়েছে। এ বিষয়ে পরবর্তী বাজেটে পদক্ষেপ গ্রহণ করতে হবে। যা পত্রের মাধ্যমে আবেদনকারীকে জানানো হবে। | বিষয়টি দ্রুত নিষ্পন্ন করতে হবে। | সদস্য বাণিজ্য নীতি বিভাগ |
| ০৬. | পেট্রোলকেমিক্যাল শিল্পের অন্যতম কাঁচামাল ETHYLENE (HS Code :2711.14.00) PROPYENE (HS Code:27111400) আমদানির নিমিত্ত আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর সংশোধন প্রস্তাব। | পরিদর্শনের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সদস্য বাণিজ্য নীতি বিভাগ |
| ০৭. | আমদানি পর্যায়ে প্রস্তুতকৃত Hinges এর কাঁচামাল SS sheet (HS Code 72202090) সঠিক মূল্যভিত্তিক ও শুল্ক পুন:নির্ধারণ প্রসঙ্গে। | আমদানি পর্যায়ে প্রস্তুতকৃত Hinges এর কাঁচামাল SS sheet (HS Code 72202090) সঠিক মূল্যভিত্তিক ও শুল্ক পুন:নির্ধারণের বিষয়ে তথ্য উপাত্ত | বিষয়টি দ্রুত নিষ্পন্ন করতে হবে। | সদস্য বাণিজ্য নীতি বিভাগ |

**কমিশনের প্রশাসনিক বিষয়াবলি:**

| ক্রম. | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | কমিশনের নিজস্ব ভবনের জন্য জমি বরাদ্দ। | সেগুনবাগিচাস্থ ১ম ১২ তলা সরকারি অফিস ভবনের পূর্ব পার্শ্বে খালি জায়গায় একটি ২০ তলা অফিস ভবন নির্মাণ সাপেক্ষে উক্ত ভবনে সরকারি কাজের স্বার্থে কমিশনের অনুকূলে ০৪ (চার) টি ফ্লোর বরাদ্দের বিষয়ে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তরে গত ২৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। যোগাযোগ অব্যাহত আছে। | যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | প্রশাসন উইং |
| ০২. | বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প। | "বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের সক্ষমতা বৃদ্ধিকরণ" শীর্ষক প্রকল্পের অর্থ ছাড়ের পত্র পাওয়া গেছে। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | প্রকল্প পরিচালক |
| ০৩. | বাজার মূল্য বিষয়ে জেলা প্রশাসকদের নিকট থেকে তথ্য সংগ্রহ। | বাজার মূল্য বিষয়ে জেলা ও উপজেলা থেকে তথ্য পাওয়া যাচ্ছে। যে সকল জেলা প্রশাসকের নিকট থেকে তথ্য পাওয়া যায়নি সে সকল জেলা প্রশাসকের নিকট হতে তথ্য সংগ্রহের লক্ষ্য সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারে পত্র প্রেরণ করা হবে। | তথ্য সংগহের জন্য বিভাগীয় কমিশনের নিকট পত্র দিতে হবে। জেলা প্রশাসকদের নিকট থেকে তথ্য সংগ্রহের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সদস্য বাণিজ্য নীতি বিভাগ |
| ০৪. | কমিশনের অর্জনসমূহ পুস্তিকা আকারে প্রকাশ | কমিশনের ১৪ বছরের অর্জনসমূহ পুস্তিকা আকারে বের করার নিমিত্ত ৩ বিভাগ থেকে তথ্য সংগ্রহ করে পুস্তিকা প্রণয়ন করা হবে। এ বিষয়ে প্রতিটি উইং এর প্রতিনিধিসহ সংশ্লিষ্টদের সমন্বয়ে ১৯ জুলাই ২০২২ তারিখে কমিটি গঠন করে অফিস আদেশ জারি করা হয়েছে। | কমিশনের ১৪ বছরের অর্জনসমূহ পুস্তিকা আকারে বের করার কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | সিস্টেম এনালিষ্ট ও পিআর এন্ড পিও |
| ০৫. | মাসিক সমন্বয় সভার কার্যপত্র | সভার সিদ্ধান্ত অনুযায়ী মাসিক সমন্বয় সভার কার্যপত্রের অগ্রগতির অংশে প্রাপ্ত পত্র/আবেদন কত তারিখে অফিসে প্রেরণ করেছে এবং কমিশনের মতামত কত তারিখে প্রেরণ করা হয়েছে তা অনুসরণ করা হচ্ছে। | মাসিক সমন্বয় সভার কার্যপত্রের অগ্রগতির অংশে প্রাপ্ত পত্র/আবেদন কত তারিখে অফিসে প্রেরণ করেছে এবং কমিশনের মতামত কত তারিখে প্রেরণ করা হয়েছে তা উল্লেখ করে কার্যপত্র প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

**বিবিধ:**

| ক্রম | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | বিবিধ বিষয়াবলি | (ক) বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক পরিস্থিত/অভিঘাতের প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃচ্ছ্রসাধনের নিমিত্ত বিদ্যুৎ ও জ্বালানীর সাশ্রয়ী ব্যবহার নিশ্চিত করাসহ সরকরি ক্রয়ের ক্ষেত্রে প্রয়োজনীয়তা রয়েছে শুধু এমন পণ্য বা সেবা (need based) ক্রয় করা সংক্রান্ত অর্থাৎ সরকারি ক্রয়ে কৃচ্ছ সাধন বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়, অর্থ মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনের প্রেক্ষিতে বাণিজ্য মন্ত্রণালয়ের ২৭ জুলাই ২০২২ তারিখে ৫৮৭ নম্বর স্মারকে জারিকৃত সিদ্ধান্তসমূহ কমিশনে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীকে প্রতিপালন করতে হবে;<br>(খ) বিভিন্ন সময়ে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত অনুশাসনসমূহ যথাযথভাবে প্রতিপালন নিশ্চিত করতে হবে;<br>(গ) কোভিড-১৯ এর সংক্রমণ পুনরায় বেড়ে যাওয়ায় স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণের জন্য সর্বাবস্থায় মাস্ক পরিধানসহ স্বাস্থ্যসেবা বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশনা ১৩ দফা ও ২৮ জুন ২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত জাতীয় কারিগরি পরামর্শক কমিটির ০৬ দফা সুপারিশ বাস্তবায়নের লক্ষ্যে নির্দেশনাসমূহ কঠোরভাবে অনুসরণ অব্যাহত রাখা যেতে পারে; এবং<br>(ঘ) কোভিড-১৯ মহামারী প্রতিরোধে কমিশনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে যে সকল কর্মকর্তা/কর্মচারীগণ এখনো ভ্যাকসিন গ্রহণ করেননি সে সকল কর্মকর্তা/কর্মচারীগণের ভ্যাকসিন গ্রহণে (বুস্টার ডোজসহ) উদ্বুদ্ধ করার জন্য নির্দেশনা প্রদান অব্যাহত রাখতে হবে। | কমিশন সচিব |

সভাপতি সমাপনী বক্তব্য প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মাহফুজা আখতার)
সভাপতি
ও
চেয়ারম্যান (সচিব)
বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন